# রাজশাহী বোর্ড ২০১৬

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা–দ্বিতীয় পত্র বিষয় কোড: | ২ | ৭ | ৮ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ অফিস পিয়ন শামীম অধ্যক্ষের চিঠিগুলো নিয়ে পোস্ট অফিসে যাওয়ার সময় উপাধ্যক্ষ মহোদয় তাকে কতকগুলো কাগজ দিয়ে ফটোকপি করে আনতে বললেন। ফটোকপি করা শেষে শামীম পোস্ট অফিসে গিয়ে জানতে পারলো ততক্ষণে প্রথম ডাক চলে গেছে। যথাসময়ে চিঠিটি ডাকে না দেয়ার কারণে অধ্যক্ষ মহোদয় পিয়ন শামীমকে কৈফিয়ত তলব করেন।

ক. ব্যবস্থাপনা কী? ১

খ. জোড়া মই শিকল নীতি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে ব্যবস্থাপনার কোন নীতিটি লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত অধ্যক্ষ মহোদয় কর্তৃক পিয়ন শামীমকে কৈফিয়ত তলব করার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

২.▶ রাকিব ও শফিক দুটি প্রতিষ্ঠানের মালিক। রাকিবের প্রতিষ্ঠানের কর্মীরা নির্বাহীর প্রত্যক্ষ তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণাধীন থেকে কার্য সম্পাদন করে। অন্যদিকে তার বন্ধু শফিকের প্রতিষ্ঠানে নির্বাহীকে সহায়তা করার জন্য কাজের প্রকৃতি অনুযায়ী কয়েজন বিশেষজ্ঞ ব্যক্তি কাজ করেন। তুলনামূলক ব্যাখ্যা করে দেখা যায় শফিকের প্রতিষ্ঠানটির সফলতা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

ক. সংগঠন কী? ১

খ. সংগঠন চার্ট বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত মি. রাকিবের প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামো কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. শফিকের প্রতিষ্ঠানের সফলতার উত্তরোত্তর বৃদ্ধির কারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩.▶ শিপু জুট মিল লিমিটেড শূন্য পদে কিছুসংখ্যক কর্মী ও ব্যবস্থাপক নিয়োগ করতে চায়। প্রতিষ্ঠানের শ্রমিক সংঘ কর্তৃপক্ষের ওপর প্রভাব বিস্তার করে অধিকাংশ কর্মী ও ব্যবস্থাপক নিয়োগ দিতে বাধ্য করে। ফলে প্রতিষ্ঠানে উৎপাদন ব্যাপকভাবে ব্যাহত হয়।

ক. কর্মী নির্বাচন কী? ১

খ. কর্মীসংগ্রহ বলতে কী বোঝায়? ২

গ. উল্লিখিত উদ্দীপকে শিপু জুট মিল লিমিটেড কোন উৎস হতে কর্মীসংগ্রহ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. শিপু জুট মিল লিমিটেডের উৎপাদন ব্যাহত হওয়ার কারণ ও যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৪. ▶ জনাব তাহিসন একটি উৎপাদনমুখী ওষুধ কোম্পানির উৎপাদন ব্যবস্থাপক। প্রতিষ্ঠানটি জনাব তাহসিনের জন্য বেতন, বাসস্থান চিকিৎসা ও অন্যান্য ভাতাদি প্রদান করে আসছে। জনাব তাহসিন বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করা ছাড়াও আর্থিক সহায়তা করে থাকেন। তার এ সমস্ত কর্মকাণ্ডের মূল লক্ষ্য হলো সুনাম, সুখ্যাতি ও যশ অর্জন করা। একজন দক্ষ ও উদ্যমশীল উৎপাদন ব্যবস্থাপক হওয়া সত্ত্বেও বর্তমান প্রতিষ্ঠানটি জনাব তাহিসনের চাহিদা মোতাবেক সুযোগ-সুবিধাদি বৃদ্ধি না করায় তিনি প্রতিষ্ঠান পরিবর্তনের কথা ভাবছেন।

ক. চাহিদা সোপান তত্ত্বের প্রবর্তক কে? ১

খ. চিত্রের মাধ্যমে প্রেষণাচক্রটি দেখাও। ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব তাহসিন চাহিদা সোপান তত্ত্বের কোন ধাপে অবস্থান করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব তাহসিনের বর্তমান প্রতিষ্ঠান পরিবর্তনের চিন্তাভাবনা যৌক্তিকতাসহ বিশ্লেষণ করো। ৪

৫. ▶ মি. লিখন একটি বেসরকারি প্রতিষ্ঠানের প্রধান। তিনি প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য কর্মীদের সবরকমের সহযোগিতা করেন। এমনকি তাদের অভাব-অভিযোগ মনোযোগ সহকারে শোনেন এবং-এর উপযুক্ত সমাধান করেন। ফলে কর্মীরাও তার কর্মকাণ্ডে বেশ খুশি এবং প্রতিষ্ঠানের জন্য সর্বোচ্চ ক্ষমতা দিয়ে কাজ করে। সর্বোপরি আকর্ষণীয় ব্যক্তিত্ব, তীক্ষ্ম বুদ্ধিমত্তা, সততা এবং দক্ষতার কারণে মি. লিখনের নেতৃত্বে তার প্রতিষ্ঠানের প্রভূত অগ্রগতি হয়েছে।

ক. নেতৃত্ব কী? ১

খ. 'গণতান্ত্রিক নেতৃত্বই উত্তম'– কেন? ২

গ. উদ্দীপকে মি. লিখনের কর্মকাণ্ডে কোন ধরনের নেতৃত্বের প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটিতে একজন নেতার ভূমিকার সপক্ষে তোমার মতামত দাও। ৪

৬. ▶ ছোট হয়ে গেছে পৃথিবী। আমরা সবাই সবার হাতের মুঠোয়। কম্পিউটার নেটওয়ার্কিং-এ আলাদিনের দৈত্যের হাতে একচ্ছত্র আধিপত্য বিস্তারকারী মাধ্যমের নাম আলাদিনের চেরাগ। এ আলাদিনের চেরাগ নামক একটি সার্ভারের সাথে যোগাযোগ স্থাপন করলেই বিশ্বের সকল সার্ভারের সাথে যোগাযোগ হয়। ফলে মানুষ ঘরে বসেই ব্যবসায়িক সব ধরনের কার্যক্রম করতে পারছে।

ক. ফলাবর্তন কী? ১

খ. নিম্নগামী যোগাযোগ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে আলাদিনের চেরাগ নামক একচ্ছত্র আধিপত্য বিস্তারকারী কম্পিউটার নেটওয়ার্কিং মাধ্যমের নাম কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. কম্পিউটার নেটওয়ার্কিং-এর মাধ্যমে কোন কোন উপাদান ব্যবহার করে আমরা সবাই সবার হাতের মুঠোয়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

৭.▶ মধুমতি প্লাস্টিক কারখানার তিনটি উৎপাদন ইউনিট যথাক্রমে কুড়িগ্রাম, দিনাজপুর ও বগুড়ায় অবস্থিত।-এর প্রধান কার্যালয় রংপুরের দিকনির্দেশনায় প্রতিষ্ঠান তিনটির ব্যবস্থাপকগণ উৎপাদন ও বণ্টন কার্যক্রম পরিচালনা করে থাকেন। প্রধান কার্যালয় প্রয়োজনীয় দিকনির্দেশনা পত্রবাহক, ডাক ও কুরিয়ারের মাধ্যমে দিয়ে থাকেন। ফলে অনেক নির্দেশনাই দেরিতে পৌঁছে এবং নির্দেশনা বাস্তবায়নে বিলম্ব ঘটে। এ অবস্থার উত্তরণের জন্য ইউনিট ব্যবস্থাপকগণ প্রধান কার্যালয়ে কম্পিউটার ক্রয় ও ইন্টারনেট সংযোগের অনুমোদন চায়। কম্পিউটার ক্রয়ের বিষয়টি প্রতিষ্ঠানের বিদ্যমান নীতিমালায় না থাকায় প্রধান কার্যালয় প্রস্তাবটি নাকচ করে দেয়। ফলে ইউনিট ব্যবস্থাপকগণ প্রধান কার্যালয়ের সিদ্ধান্ত সঠিক সময়ে বাস্তবায়ন করতে পারছে না। ফলে উৎপাদন ও বণ্টন ব্যাহত হচ্ছে।

ক. সমন্বয় কী? ১

খ. সমান্তরাল সমন্বয়সাধন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত সমন্বয়ের কোন নীতির অনুপস্থিতির জন্য ইউনিট ব্যবস্থাপকগণের পক্ষে সিদ্ধান্ত বাস্তবায়ন সম্ভব হচ্ছে না? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সমস্যা সমাধানে প্রধান কার্যালয়ের কী করা উচিত বলে তুমি মনে করো? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৮.▶ সৃষ্টির আদি থেকে ব্যবস্থাপনার উৎপত্তি। সভ্যতা বিকাশের সাথে সাথে তা ব্যক্তি, পরিবার, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে ব্যাপকভাবে ব্যবহৃত হয়ে আসছে। এজন্য একজন বিশিষ্ট চিন্তাবিদ ও দার্শনিক বলেছেন, 'ব্যবস্থাপনা সর্বজনীন'। বিভিন্ন ব্যবস্থাপনা বিশারদ ও মনীষীদের গবেষণা ও পরীক্ষা-নিরীক্ষার পর আধুনিককালে একজন ব্যবস্থাপনা বিশারদের ১৪টি নীতি ব্যবস্থাপনার প্রয়োগের ক্ষেত্রকে প্রসারিত করেছে।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনকের নাম কী? ১

খ. চিত্রসহ ব্যবস্থাপনা চক্র অংকন করো। ২

গ. 'ব্যবস্থাপনা সর্বজনীন'— একথাটি কে এবং কেন বলেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রদত্ত ১৪টি নীতি কীভাবে ব্যবস্থাপনার প্রয়োগ ও প্রসারে ভূমিকা রাখছে তা বিশ্লেষণ করো। ৪

৯.▶ কর্ণফুলি এনার্জি প্লাস বাল্ব উৎপাদনকারী প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক মি. Y প্রতিষ্ঠানের সাপ্তাহিক উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন ২০০ একক। সপ্তাহ শেষে তিনি কার্যফল পরিমাপ করে দেখেন উৎপাদনের পরিমাণ ১৫০ একক। তিনি লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণ সম্পর্কে উৎপাদন ব্যবস্থাপককে এক সপ্তাহের মধ্যে প্রতিবেদন দাখিল করতে বলেন।

ক. নিয়ন্ত্রণের প্রথম পদক্ষেপ কী? ১

খ. বাজেটীয় নিয়ন্ত্রণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত বিচ্যুতির পরিমাণ কত একক? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির আদর্শমান অর্জিত না হওয়ার কারণ শনাক্ত ও বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড : ২ ৭ ৮

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কোন নীতি অনুযায়ী অধস্তনদের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা দেয়া হয়?**
ক) বিকেন্দ্রীকরণ খ) কেন্দ্রীকরণ
গ) আদেশের ঐক্য ঘ) জোড়ামই শিকল

**২. নিচের কোনটি অশাব্দিক যোগাযোগ?**
ক) প্রতীক খ) সাক্ষাৎকার
গ) আলোচনা ঘ) সার্কুলার

**৩. কোন সংগঠনের শ্রম বিভাজনের সুবিধা পাওয়া যায়?**
ক) সরলরৈখিক খ) কার্যভিত্তিক
গ) সরলরৈখিক ও উপদেষ্টা ঘ) মেট্রিক্স

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মিঃ অমল তার প্রতিষ্ঠানের সকল কাজের প্রকৃতি অনুযায়ী বিভক্ত করেন। প্রতিটি বিভাগের কাজ বিশেষজ্ঞের নিকট ন্যস্ত করেন। বিশেষজ্ঞ প্রয়োগের কারণে তার প্রতিষ্ঠানটি গত বছর ২ কোটি টাকা মুনাফা অর্জন করে।

**৪. মি. কমল কোন স্তরের ব্যবস্থাপক?**
ক) উচ্চ খ) মধ্য গ) নিম্ন ঘ) নিম্ন-মধ্য

**৫. কোন সংগঠন কাঠামোর কারণে মিঃ অমল সফল হয়েছেন?**
ক) সরলরৈখিক খ) মেট্রিক্স
গ) কমিটি ঘ) কার্যভিত্তিক

**৬. প্রেষণার দ্বি-উপাদান তত্ত্বের প্রবর্তক কে?**
ক) আব্রাহাম মাসলো খ) ফ্রেডারিক হার্জবার্গ
গ) ডগলাস ম্যাকগ্রেসর ঘ) জর্জ আর টেরী

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ নং প্রশ্নের উত্তর দাও।**
মিঃ কামাল তাঁর প্রতিষ্ঠানের বিক্রয় ও ক্রয় বিষয়ক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিজ হাতে রাখেন।

**৭. উদ্দীপকে কোন নীতির প্রতিফলন লক্ষণীয়?**
ক) কেন্দ্রীয়করণ খ) বিকেন্দ্রীকরণ
গ) সাম্য ঘ) উদ্যোগ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৮ নং প্রশ্নের উত্তর দাও।**
বনলতা ফুডস লিঃ-এর এম.ডি সাহেব প্রতিষ্ঠানের লক্ষ্য নির্ধারণ করে দেন। কিন্তু কর্মীদের থেকে তিনি কাজ বুঝে নেয়ার ক্ষেত্রে উদাসীন থাকেন।

**৮. বনলতা ফুডস লিঃ-এ কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান?**
ক) লাগামহীন খ) স্বৈরতান্ত্রিক
গ) একার্থক ঘ) বিশেষ

**৯. প্রকল্প কোন ধরনের পরিকল্পনা?**
ক) লক্ষ্য খ) স্থায়ী
গ) একার্থক ঘ) বিশেষ

**১০. "Principle of Scientific Management" গ্রন্থটি কে রচনা করেন?**
ক) এফ.ডব্লিউ টেইলর খ) হেনরি ফেওল
গ) এ্যাডাম স্মিথ ঘ) এলটন মেয়ো

**১১. কোন কাজের জন্য আদর্শমান প্রতিষ্ঠা করতে হয়?**
ক) নিয়ন্ত্রণ খ) সংগঠন
গ) নির্দেশনা ঘ) কর্মীসংস্থান

**১২. বিভিন্ন ব্যক্তি ও বিভাগের কাজকে একসূত্রে গ্রথিত করাকে কী বলে?**
ক) নির্দেশনা খ) সমন্বয়সাধন
গ) প্রেষণা ঘ) নেতৃত্ব

**১৩. প্রতিষ্ঠান কর্মীদের কাজ সরাসরি তদারকি করে ব্যবস্থাপনার—**
ক) মধ্যস্তর খ) উচ্চস্তর
গ) নিম্নস্তর ঘ) উচ্চ ও মধ্যস্তর

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
A প্লাস গ্রুপে একজন সাধারণ ব্যবস্থাপকের অধীনে তিনজন বিভাগীয় প্রধান কর্মরত আছেন। বিভাগীয় প্রধান তিনজন তাদের কাজের জন্য সাধারণ ব্যবস্থাপকের নিকট দায়বদ্ধ। প্রত্যেক বিভাগের কর্মীগণ স্ব-স্ব বিভাগীয় প্রধানের নির্দেশে কাজ করেন।

**১৪. উদ্দীপকের প্রতিষ্ঠানটির সাংগঠনিক কাঠামোর ধরন কী?**
ক) সরলরৈখিক খ) সরলরৈখিক ও উপদেষ্টা
গ) মেট্রিক্স ঘ) কমিটি

**১৫. এরূপ সংগঠনে—**
i. স্বেচ্ছাচারিতা বৃদ্ধি পায়
ii. স্বৈরতন্ত্রের ঝোঁক থাকে
iii. বিশেষজ্ঞতার সর্বোচ্চ ব্যবহার হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৬. ব্যবসায় প্রতিষ্ঠানে সুষ্ঠু যোগাযোগের ফলে কী ঘটে?**
ক) অতিরিক্ত কর্তৃত্বারোপ
খ) স্বেচ্ছাচারিতা বৃদ্ধি
গ) আন্তঃবিভাগীয় প্রতিযোগিতা বৃদ্ধি
ঘ) কর্মীদের মধ্যে সুসম্পর্ক স্থাপন

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**
একজন মোটরসাইকেল আরোহী একটি অটোরিকশার সাথে সংঘর্ষে আহত হয়ে রাস্তায় পড়ে সাহায্যের জন্য চিৎকার করতে থাকেন। অনেক পথচারী তাকে লক্ষ্য করলেও তার সাহায্যে কেউ এগিয়ে আসেনি।

**১৭. উদ্দীপকে যোগাযোগ প্রক্রিয়ার কোন উপাদানটি অনুপস্থিত?**
ক) প্রেরক খ) ফলাবর্তন
গ) বার্তা ঘ) মাধ্যম

**১৮. কোনটি মৌখিক যোগাযোগের মাধ্যম?**
ক) ই-মেইল খ) ফ্যাক্স
গ) ফোন ঘ) টেলিগ্রাম

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**
প্রজাপতি সুঃ লিঃ প্রতি মাসে ১০,০০০ জোড়া জুতা তৈরির লক্ষ্যমাত্রা নির্ধারণ করে। ১৫ দিন পর দেখা গেলো মাত্র ৪০০০ জোড়া জুতা তৈরি হয়েছে।

**১৯. উদ্দীপকের প্রতিষ্ঠানের আদর্শ মান কত জোড়া?**
ক) ৪,০০০ খ) ৬,০০০
গ) ৫,০০০ ঘ) ১০,০০০

**২০. অনার্থিক প্রেষণা কোনটি?**
ক) চাকরির নিরাপত্তা খ) উৎসব ভাতা
গ) বাসস্থান সুবিধা ঘ) বোনাস

**২১. কাজকে বেশি প্রাধান্য দেয়া হয় কোন ধরনের নেতৃত্বে?**
ক) কর্মকেন্দ্রিক খ) নেতিবাচক
গ) লাগামহীন ঘ) কর্মীকেন্দ্রিক

http://teachingbd.com

২২. কোনটি কর্মী সংগ্রহের বাহ্যিক উৎস?
   ক) পদোন্নতি
   খ) শ্রমিক সংঘের সুপারিশ
   গ) নিয়োজিত কর্মীদের সুপারিশ
   ঘ) কর্মী নিয়োগ কেন্দ্র

২৩. কর্মীকে প্রেষণা দিলে বৃদ্ধি পায়—
   i. উৎপাদনশীলতা   ii. মূলধনের পরিমাণ
   iii. কার্যসন্তুষ্টি
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।
রুবেল ব্যবস্থাপনা বিভাগের পিয়ন। একদিন সকালবেলা বিভাগীয় প্রধান তাকে চা দিতে বলেন। একই সময়ে অন্য একজন সিনিয়র শিক্ষক তাকে ফটোকপি করতে পাঠিয়ে দেন। চা না পেয়ে বিভাগীয় প্রধান ক্ষুব্ধ হন।

২৪. উদ্দীপকের অবস্থার জন্য ব্যবস্থাপনার কোন নীতির লঙ্ঘন দায়ী?
   ক) কেন্দ্রীকরণ   খ) শ্রম বিভাজন
   গ) আদেশের ঐক্য   ঘ) নির্দেশনার ঐক্য

২৫. উদ্দীপকের অবস্থায় প্রতিষ্ঠানে যা ঘটে তা হলো—
   i. কর্মীদের মধ্যে হতাশা দেখা দেয়
   ii. আনুগত্য বৃদ্ধি পায়
   iii. বিশৃঙ্খল পরিবেশ সৃষ্টি হয়
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

২৬. কোন নেতৃত্ব পরামর্শমূলক নির্দেশনা হিসেবে কাজ করে?
   ক) স্বৈরতান্ত্রিক   খ) গণতান্ত্রিক
   গ) পিতৃতান্ত্রিক   ঘ) লাগামহীন

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব আব্দুল আহাদ একটি বহুজাতিক কোম্পানির মহাব্যবস্থাপক। মোটা অংকের বেতনের পাশাপাশি তিনি কোম্পানি থেকে দামি গাড়ি এবং আসবাব সজ্জিত বাড়ি পান। প্রতি বছর তিনি কোম্পানির খরচে বিভিন্ন দেশ ভ্রমণ করেন। আত্মীয়-স্বজনদের তিনি সাধ্যমত আর্থিক সাহায্য করেন।

২৭. জনাব আব্দুল আহাদ মাসলোর চাহিদা সোপান তত্ত্বের কোন স্তরে অবস্থান করেছেন?
   ক) দ্বিতীয়   খ) তৃতীয়   গ) চতুর্থ   ঘ) পঞ্চম

২৮. প্রাপ্ত প্রণোদনের কারণে মিঃ আব্দুল আহাদের—
   i. মনোবল বৃদ্ধি পায়   ii. কার্যসন্তুষ্টি বৃদ্ধি পায়
   iii. উৎপাদনশীলতা বৃদ্ধি পায়
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

২৯. পদোন্নতির কোন ভিত্তিতে জটিলতা বেশি?
   ক) জ্যেষ্ঠতা   খ) মেধা
   গ) যোগ্যতা   ঘ) জ্যেষ্ঠতা ও মেধা

৩০. সরলরৈখিক সংগঠনের অসুবিধা কোনটি?
   ক) ব্যয়ের আধিক্য   খ) সিদ্ধান্তগ্রহণে বিলম্ব
   গ) স্বেচ্ছাচারিতা বৃদ্ধি   ঘ) লাগামহীনতা

৩১. কোন সংগঠনে নির্বাহীদের পাশাপাশি বিশেষজ্ঞ কর্মী কাজ করে?
   ক) সরলরৈখিক   খ) মেট্রিক্স
   গ) কার্যভিত্তিক   ঘ) সরলরৈখিক ও উপদেষ্টা

৩২. পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশকে কী বলে?
   ক) লক্ষ্য   খ) নীতি
   গ) প্রকল্প   ঘ) বাজেট

৩৩. কার্যভিত্তিক সংগঠন কাঠামোর উদ্ভাবক কে?
   ক) হেনরি ফেওল   খ) হ্যারল্ড কুন্জ
   গ) এলটন মেয়ো   ঘ) এফ.ডব্লিউ টেইলর

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও।
করিম ও শ্যামল দুই বন্ধু এম.বি.এ পাস করে একটি তৈরি পোশাক কারখানায় সহকারী ব্যবস্থাপক হিসেবে ২০০৯ সালের যথাক্রমে জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে যোগদান করেন। ২০১২ সালে ক্রয় ব্যবস্থাপকের পদ শূন্য হলে কার্যফল বিবেচনায় মি. শ্যামলকে কর্তৃপক্ষ পদোন্নতি প্রদান করে।

৩৪. উদ্দীপকের পদোন্নতির ভিত্তিটি কী?
   ক) জ্যেষ্ঠতা   খ) যোগ্যতা
   গ) জ্যেষ্ঠতা ও যোগ্যতা   ঘ) জ্যেষ্ঠতা ও মেধা

৩৫. এরূপ পদোন্নতির ফলে—
   i. দক্ষ কর্মীরা অনুপ্রাণিত হয়
   ii. বয়স্ক কর্মীরা অনুপ্রাণিত হয়
   iii. প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি পায়
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৩৬. পরিকল্পনার কোন বৈশিষ্ট্য নতুন পরিস্থিতিতে খাপ খাওয়াতে সাহায্য করে?
   ক) নিরবচ্ছিন্নতা   খ) বাস্তবমুখিতা
   গ) নমনীয়তা   ঘ) গ্রহণযোগ্যতা

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও।
মিঃ হাসান একটি খেলনা প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মালিক। গত ৫ বছর প্রতিষ্ঠানটি একই পদ্ধতিতে তার প্রতিষ্ঠানে কর্মী নিয়োগ করেছে।

৩৭. উদ্দীপকে কোন ধরনের পরিকল্পনার কথা বলা হয়েছে?
   ক) লক্ষ্য   খ) একার্থক
   গ) স্বল্পমেয়াদি   ঘ) স্থায়ী

৩৮. এরূপ পরিকল্পনার ফলে প্রতিষ্ঠানের—
   i. ব্যয় বৃদ্ধি পাবে   ii. গতিশীলতা বৃদ্ধি পাবে
   iii. সময়ের সদ্ব্যবহার হবে
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৩৯. প্রতিষ্ঠানে সিদ্ধান্তধর্মী কাজের জন্য প্রয়োজন হচ্ছে—
   i. অধিক দৈহিক শ্রম   ii. অতিমাত্রায় মানসিক শ্রম
   iii. বিশ্লেষণী ক্ষমতা
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৪০. একাধিকবার ব্যবহৃত হয় কোন পরিকল্পনা?
   ক) একার্থক   খ) স্থায়ী
   গ) প্রকল্প   ঘ) কর্মসূচি

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ ক | ২ ক | ৩ খ | ৪ ক | ৫ ঘ | ৬ খ | ৭ ক | ৮ ক | ৯ গ | ১০ ক | ১১ ক | ১২ ঘ | ১৩ গ | ১৪ ক | ১৫ ক | ১৬ গ | ১৭ খ | ১৮ গ | ১৯ ঘ | ২০ ক |
| ২১ ক | ২২ ঘ | ২৩ খ | ২৪ গ | ২৫ খ | ২৬ খ | ২৭ গ | ২৮ ঘ | ২৯ খ | ৩০ গ | ৩১ ঘ | ৩২ ঘ | ৩৩ ঘ | ৩৪ খ | ৩৫ খ | ৩৬ গ | ৩৭ ঘ | ৩৮ গ | ৩৯ গ | ৪০ খ |

http://teachingbd.com